

“ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস ইউনিট
www.dgfp.gov.bd



স্মারক নম্বর: ৫৯.১১.০০০০.৪০৩.২০.০০২.২০.৭৪

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯

০৯ মার্চ ২০২৩

বিষয়: স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ‘হটলাইন’ বা জরুরি যোগাযোগ নম্বর চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জনবান্ধব ও স্মার্ট সেবার অংশ হিসেবে তথ্য/সেবা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে হটলাইন সেবার প্রবর্তন করা হয়েছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট উপজেলায় মোবাইল সেট ক্রয়ের বরাদ্দ প্রদান ও একই সিরিজের হটলাইন নম্বরের সিমকার্ড প্রেরণ করা হয়েছে। উক্ত নম্বর সমূহের জন্য গ্রামীণ ফোন লিঃ এর ২০০ টাকা মূল্যের (ভয়েস-৩০০মিনিট, এসএমএস-১০০টি, ৩০ দিন) ‘এক্সক্লুসিভ বান্ডেল প্রাইস অফার’ গ্রহণ করা হয়েছে। আগামী ১১/০৩/২০২৩ খ্রি. তারিখ হতে উল্লিখিত হটলাইন নম্বর সমূহ একযোগে সক্রিয় করা হবে।

হটলাইন বা জরুরি যোগাযোগ নম্বর ব্যবহারের নির্দেশাবলী:

- ১। স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিবার কল্যাণ পরিদর্শিকা সংশ্লিষ্ট ‘হটলাইন’ বা জরুরি নম্বর ২৪/৭ (সার্বক্ষণিক) খোলা রাখবেন। পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুপস্থিতিতে কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত সেবা প্রদানকারী উক্ত নম্বরটি সার্বক্ষণিক চালু অবস্থায় রাখবেন।
- ২। সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, স্যাটেলাইট ক্লিনিক ও ইউনিয়নের বিভিন্ন জনবহুল ও গুরুত্বপূর্ণ স্থানে প্রচারের উদ্দেশ্যে নম্বরটি স্পষ্টভাবে প্রদর্শন করতে হবে।
- ৩। স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম, ইপিআই কার্যক্রম, উঠান বৈঠক, বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তর ও স্থানীয় জনপ্রতিনিধিগণের মাধ্যমে উক্ত হটলাইন নম্বর সমূহের সর্বাধিক প্রচার নিশ্চিত করতে হবে।
- ৪। সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত সেবাপ্রদানকারী উক্ত নম্বর ব্যবহার করে প্রতিদিন কমপক্ষে ৫ (পাঁচ) জন সেবাগ্রহীতাকে ফোন করবেন এবং স্বাস্থ্য শিক্ষা প্রদানসহ প্রাতিষ্ঠানিক সেবা নিতে উদ্বুদ্ধ করবেন।
- ৫। দায়িত্বপ্রাপ্ত সেবাপ্রদানকারী ব্যক্তি সেবাগ্রহীতাকে বাংলায় এসএমএস প্রেরণ করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আথবা নিকটস্থ স্যাটেলাইট ক্লিনিক থেকে সেবা গহণের জন্য উদ্বুদ্ধ করবেন।
- ৬। সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত সেবাপ্রদানকারী প্রতিদিন যে সকল সেবাগ্রহীতার সাথে মোবাইল ফোনে কথা বলা এবং এসএমএস প্রেরণ করবেন তার তথ্য নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।
- ৭। উক্ত মোবাইল ফোনের টকটাইম ও এসএমএস সেবা সংক্রান্ত তথ্য বা পরামর্শ সেবা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ৮। উক্ত হটলাইন নম্বর ব্যবহার সংক্রান্ত একটি ড্যাশবোর্ড প্রণয়ন করা হয়েছে যা এমআইএস ইউনিটের মাধ্যমে নিয়মিত তদারকি করা হবে।
- ৯। প্রতিমাসে হটলাইন নম্বর সমূহের বিল সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের সরকারি ইমেইল নম্বরে প্রেরণ করা হবে।
- ১০। উক্ত হটলাইন নম্বর সংক্রান্ত যে কোন জিজ্ঞাসা, সমস্যা ও তার সমাধানের জন্য গ্রামীণ ফোন লিঃ এর হটলাইন ‘২১২২২’ এ ফোন করা যাবে।

উল্লিখিত নির্দেশাবলীর আলোকে সংশ্লিষ্ট বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে হটলাইন নম্বর সমূহ নিয়মিত তদারকির মাধ্যমে সক্রিয় রাখতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

হটলাইন সংক্রান্ত যাবতীয় বিষয়ে সার্বিক সহযোগিতা পেতে প্রয়োজনে যোগাযোগ করুনঃ

মোহাম্মদ আব্দুর রহিম, পিএএ পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লিড রিজার্ভ) ও ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট পরিবার পরিকল্পনা অধিদপ্তর। ফোন: ০১৭১৫-৭৯৬৯৫৯ ই-মেইল: dpmictmis@dgfp.gov.bd	মেহবুব মোর্শেদ প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট পরিবার পরিকল্পনা অধিদপ্তর। ফোন: ০১৭১১-০৬৯৯৯২ ই-মেইল: pmmis@dgfp.gov.bd
---	--

৯-৩-২০২৩

আব্দুল লতিফ মোল্লা

পরিচালক

ফোন: ৫৫০১২৩৫২

ইমেইল: dirmis@dgfp.gov.bd

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
..... উপজেলা।

স্মারক নম্বর: ৫৯.১১.০০০০.৪০৩.২০.০০২.২০.৭৪/১(৬)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক/লাইন ডাইরেক্টর,....., পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২) পরিচালক (পরিবার পরিকল্পনা), ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল ও সিলেট বিভাগ।
- ৩) উপপরিচালক (পরিবার পরিকল্পনা),জেলা।
- ৪) মেডিকেল অফিসার (MCH-FP),..... উপজেলা.....জেলা।
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৬) পরিচালক (এমআইএস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

৯-৩-২০২৩

মেহবুব মোর্শেদ

প্রোগ্রাম ম্যানেজার